# Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 12 April, 2025

কক্সবাজারের চকরিয়ায় ট্রেনের ধাক্কায় ব্রিজ থেকে খালের পানিতে পড়ে নিখোঁজ ব্যবসায়ির ১৯ ঘন্টা পর মৃতদেহ করেছে ফায়ার সার্ভিসের কর্মি ও স্থানীয়রা।

শনিবার সকাল ১১ টার দিকে চকরিয়া উপজেলার বরইতলী ইউনিয়নের পঁহরচাদা গোবিন্দপুর-বিএমচর রেল সংযোগ সেতুর খালের পানিতে ভাসমান অবস্থায় মৃতদেহটি উদ্ধার করা হয় বলে জানান, চকরিয়া থানার ওসি মো. শফিকুল ইসলাম।

মৃত উদ্ধার আব্দুল জব্বার (৫০) পেকুয়া উপজেলার শিলখালী ইউনিয়নের জারুলবুনিয়া এলাকার আহসাব মিয়ার ছেলে।তিনি পেশায় হাট ভিত্তিক গরু ব্যবসায়ি ছিলেন।

শুক্রবার দুপুরে চকরিয়ার বরইতলী ইউনিয়নের পঁহরচাদা গোবিন্দপুর-বিএমচর রেল সংযোগ সেতু দিয়ে আব্দুল জব্বার সহ তিনজন ব্যবসায়ি মিলে গরু নিয়ে পার হচ্ছিলেন।এসময় কক্সবাজারমুখি দ্রুতগামী একটি ট্রেনের ধাক্কায় লেগে আব্দুল জব্বার সেতু থেকে খালের পানিতে পড়ে গেলেও অপর দুইজন অক্ষত থাকেন।

পরে স্থানীয়দের পাশাপাশি ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান চালালেও তার সন্ধান পাননি।

মসিউর রহমান বলেন, ঘটনার পর থেকে স্থানীয়দের পাশাপাশি ফায়ার সার্ভিসের কর্মিরাও নিখোঁজের সন্ধানে উদ্ধার অভিযান চালায়।শনিবার সন্ধ্যার পরে অন্ধকারের কারণে ফায়ার সার্ভিসের কর্মিরা অভিযান স্থগিত রাখে।তবে স্থানীয়দের সন্ধান তৎপরতা অব্যাহত ছিল।

“ শনিবার সকাল ১১ টার দিকে পঁহরচাদা গোবিন্দপুর-বিএমচর সংযোগ সেতুর ঘটনাস্থল থেকে কিছুটা দূরে খালের পানিতে একটি মৃতদেহ ভাসতে দেখে স্থানীয়রা পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মিদের খবর দেয়।পরে ফায়ার সার্ভিসের কর্মিরা স্থানীয়দের সহায়তায় মৃতদেহটি উদ্ধার করেছে।“

খবর পেয়ে পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কক্সবাজার জেলা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করেছে বলে জানান ওসি।

নিখোঁজ মৃতদেহ উদ্ধার ট্রেন ট্রেনের ধাক্কা পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:16

URL: https://www.timestodaybd.com/public/chittagong/678930823